জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/স্কিল বেসড পিজিডি/২০২৩-২০২৪/৪৯৫৫

তারিখ: ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে স্কিল-বেসড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন আইসিটি, ল্যাঙ্গুয়েজ (ইংরেজি ও আরবী), অন্টাপ্রেনারশিপ, ডিজিটাল মার্কেটিং, আইসিটি ইন এ্যাকাউন্টিং এন্ড বিজনেস, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে (১ম ব্যাচে) ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এক বছর (দুই সেমিষ্টার) মেয়াদী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন **আইসিটি, ল্যাঙ্গুয়েজ (ইংরেজি, আরবী), অন্টাপ্রেনারশিপ (শিল্পোদ্যোগ), ডিজিটাল মার্কেটিং, আইসিটি ইন এ্যাকাউন্টিং এন্ড বিজনেস ও সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে** শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। এ ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ০১ ফেব্রুয়ারি ২০২৩ বিকাল ০৪:০০ টা থেকে শুরু হয়ে ২৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং অনলাইন গেটওয়ে (Gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা, স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফল এবং মৌখিক পরীক্ষার ভিত্তিতে মেধাতালিকা প্রণয়ন করা হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ৩০ মার্চ ২০২৩ তারিখ থেকে শুরু হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (**www.nu.ac.bd/admissions**) থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/ সমমান ডিগ্রীধারী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্তানুযায়ী যোগ্য বিবেচিত হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্কিল-বেসড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন **আইসিটি, ল্যাঙ্গুয়েজ (ইংরেজি ও আরবী), অন্টাপ্রেনারশিপ (শিল্পোদ্যোগ), ডিজিটাল মার্কেটিং, আইসিটি ইন এ্যাকাউন্টিং এন্ড বিজনেস এবং সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে** পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে (একই সেশনে) অধ্যয়নরত কোন প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

গ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড:

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (**www.nu.ac.bd/admissions**) Master's Tab থেকে Apply Now (**Skill-based PGD Program**) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, জন্মতারিখ ও ব্যক্তিগত নিবন্ধিত মোবাইল নম্বর নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি ও স্নাতক পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে।

খ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) কোন আবেদনকারী তার প্রাথমিক আবেদন ফরম বাতিল/ ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant Login অপশন সিলেক্ট করে (**Skill-based PGD Program**) login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে আবেদনকারীকে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে ওয়েবসাইটে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে Download Pay Slip অপশন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) এর মাধ্যমে অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে।

৩। পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড:

ক) পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (**gateway**) এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দেয়া হলে আবেদনকারীকে তার মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে আবেদনকারীকে রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login (**Skill-based PGD Program**) অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

খ) প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোন আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

গ) প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করতে নিচের নির্দেশনাটি অনুসরণ করুন:

এক) অনলাইনে আবেদন করুন।

দুই) পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন।

তিন) পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিন।

চার) পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা এসএমএস মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং পরবর্তীতে আবেদনকারীকে Applicant Login (Skill-based PGD Program) অপশনে থেকে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৪। মেধাক্রম প্রণয়নে নম্বর বন্টন পদ্ধতি:

স্নাতক/সমমান পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর/সিজিপিএ	লিখিত পরীক্ষা	মৌখিক পরীক্ষা	মোট নম্বর
৫০	৪০	১০	১০০

বি: দ্র: দুই বা ততোধিক আবেদনকারীর প্রাপ্ত মোট নম্বর একই হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে, তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

৫। প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সূচী:

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ:	০১/০২/২০২৩ থেকে ২৬/০২/২০২৩
খ)	প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ:	০৫/০২/২০২৩ থেকে ২৭/০২/২০২৩
গ)	প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:	০৬/০২/২০২৩ থেকে ২৮/০২/২০২৩
ঘ)	লিখিত পরীক্ষার তারিখ ও স্থান:	১০ মার্চ শুক্রবার, ২০২৩ সকাল ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মিরপুর রোড, ঢাকা।
ঙ)	লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ:	১৪ মার্চ মঙ্গলবার, ২০২৩, বিকেল ৫.০০টা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট
চ)	মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান:	১৮ মার্চ, শনিবার, ২০২৩ ৮ম তলা, ইসলাম টাওয়ার, ১০২, শুক্রাবাদ, ঢাকা (মেট্রো শপিংমলের উল্টোপার্শ্বে, পুরাতন ড্যাফোডিল ইউনিভার্সিটি ক্যাম্পাস বিল্ডিং)
ছ)	চূড়ান্ত মেধা তালিকা প্রকাশের তারিখ:	২০ মার্চ, সোমবার, ২০২৩
জ)	চূড়ান্ত মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (Gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে চূড়ান্ত ভর্তি ফি জমা দেয়ার তারিখ: [স্কিল-বেসড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন আইসিটি, ল্যাঙ্গুয়েজ (ইংরেজি ও আরবী), অন্টাপ্রেনারশিপ, ডিজিটাল মার্কেটিং, আইসিটি ইন এ্যাকাউন্টিং এন্ড বিজনেস, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রোগ্রামের প্রতিটির ০১ (এক) বছরের ফি সর্বসাকুল্যে ৬০,০০০.০০/-(ষাট হাজার) টাকা, যা দুই কিস্তিতে গ্রহণ করা হবে। প্রথম কিস্তির ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ভর্তির সময় জমা দিতে হবে এবং দ্বিতীয় কিস্তি পরবর্তী তিন মাসের মধ্যে প্রদান করতে হবে।]	২২/০৩/২০২৩ থেকে ২৯/০৩/২০২৩ পর্যন্ত
ঝ)	ক্লাস শুরুর তারিখ ও স্থান:	৩০ মার্চ, মঙ্গলবার , ২০২৩ ইসলাম টাওয়ার, ১০২, শুক্রাবাদ, ঢাকা।

৬। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্কিল-বেসড পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন আইসিটি, ল্যাঙ্গুয়েজ (ইংরেজি ও আরবী), অন্টাপ্রেনারশিপ, ডিজিটাল মার্কেটিং, আইসিটি ইন এ্যাকাউন্টিং এন্ড বিজনেস ও সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রোগ্রামে (১ম ব্যাচে) ভর্তির প্রাথমিক আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফিসের হার:

ক) প্রাথমিক আবেদন ফি: ৫০০/- (পাঁচশত) টাকা

খ) ভর্তি ও টিউশন ফি:

ক্রমিক	খাত	প্রস্তাবিত ফি
১	চূড়ান্ত ভর্তি ফি	১,০০০.০০ টাকা
২	রেজিস্ট্রেশন ফি	২,০০০.০০ টাকা
৩	টিউশন ফি (৩,০০০.০০ x ১২ মাস)=	৩৬,০০০.০০ টাকা
৪	প্রোগ্রাম, সমন্বয়, ক্রীড়া ও সংস্কৃতি, বিএনসিসি ও রোভার স্কাউট	২,০০০.০০ টাকা
৫	লাইব্রেরী কশন মানি	৩,০০০.০০ টাকা
৬	পরীক্ষা সংক্রান্ত ফিস (১ম ও ২য় সেমিস্টার) ক) কোর্স ফি = (৯টি কোর্স x ১,০০০.০০)=৯,০০০.০০ খ) কেন্দ্র ফি = (২টি সেমিস্টার x ২,০০০.০০)=৪,০০০.০০	১৩,০০০.০০ টাকা
৭	সেমিনার উন্নয়ন ফি	৩,০০০.০০ টাকা
	সর্বমোট =	**৬০,০০০.০০ টাকা**

▶ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুনঃ **হেল্প ডেস্ক, এনইউ স্কিল-বেসড পিজিডি ভর্তি কার্যক্রম**
৮ম তলা, ১০২ ইসলাম টাওয়ার, শুক্রাবাদ, ঢাকা। ফোনঃ ০১৫৫৮০০৫১৮১; ০১৭২৫১৭২০৩৩, ০১৬৭৩৮৩৬০৯৪
Email: pgdeanoffice@gmail.com, nuskillbasedpgdprograms@gmail.com

▶ এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩১/০১/২০২৩
(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন- ০১৭৮০৪৫৫৬১৭
ই-মেইল: pgdeanoffice@gmail.com

স্মারক নং: ১৬(০১)জাতী:বি:/স্কিল বেসড পিজিডি/২০২৩-২০২৪/৪৯৫৫

তারিখ: ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:
১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয় ।
২. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান,জাতীয় বিশ্ববিদ্যালয় ।
৩. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় ।
৫. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. পরিচালক, জনসংযোগ,তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. সচিব , ভাইস-চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮. অফিস কপি।

৩১/০১/২০২৩
ডিন
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়